গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয়: 'দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি প্রকল্প (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব খলিল আহমদ, সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| সভার সময় ও তারিখ | : | ২১.০৬.২০২৩ খ্রিষ্টাব্দ, সকাল ১০.৪০ ঘটিকা। |
| সভার স্থান | : | অনলাইন/সভাকক্ষ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |

২.০ উপস্থাপনা:

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (উন্নয়ন) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় উল্লেখ করেন যে, গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি প্রকল্প (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি ১ম সংশোধিত ব্যয় ৭৩৬৮.৪০ লক্ষ টাকা এবং প্রস্তাবিত ২য় সংশোধিত ব্যয় ১১১৬৮.১১ লক্ষ টাকা। প্রকল্পটির ১ম সংশোধিত ব্যয়ে মেয়াদকাল জুলাই ২০১৮ থেকে ডিসেম্বর ২০২২ পর্যন্ত। প্রস্তাবিত ২য় সংশোধিত মেয়াদকাল জুলাই ২০১৮ থেকে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত। প্রকল্পটির প্রস্তাবিত ২য় সংশোধিত ডিপিপি গত ১১.১২.২০২২ খ্রি. তারিখে অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগে প্রেরণ করা হয়। প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি ২১.০৩.২০২৩ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়েছে। এরই পরিপেক্ষিতে ০৭ এপ্রিল ২০২৩ তারিখে সংস্কৃতি বিষয়ক মন্ত্রনালয় হতে প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে। প্রকল্পের আওতায় ৭৬টি ভ্রাম্যমাণ গাড়ি-লাইব্রেরি দ্বারা দেশের ৬৪টি জেলার ৩২০০টি এলাকা/স্পটে লাইব্রেরি সেবা প্রদান করা, জনসাধারণ বিশেষ করে শিশু-কিশোরদের বই পড়ায় উদ্বুদ্ধকরণ এবং বহুমুখী সাংস্কৃতিক কার্যক্রম পরিচালিত হচ্ছে। সকল পাঠককে লাইব্রেরি সেবা প্রদান, ১৭৫০০০ নতুন পাঠক অন্তর্ভুক্ত করা, ৭০০টি সাংস্কৃতিক সংঘ গঠন ও ১৫০০০ অনুষ্ঠান ও প্রতিযোগিতার আয়োজন করার লক্ষ্যমাত্রা এর মধ্যে অন্তর্ভুক্ত আছে।

৩.০ আলোচনা:

৩.১ সভাপতি সভায় উপস্থিত এবং জুম প্লার্টফর্মে অনলাইনে সংযুক্ত বিভন্ন বিভাগ এ দপ্তর সংস্থার কর্মকর্তাদের স্বাগত জানান। তিনি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্মসচিব-কে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ করেন। যুগ্মসচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি "অনুসারে ডিসেম্বর'২০২২ সকল কার্যক্রম সম্পন্ন হয়। স্টিয়ারিং কমিটির সভায় প্রকল্পের কার্যক্রম আরো ০২ (দুই) বছর অব্যাহত রাখার জন্য ২য় বার প্রকল্পের ডিপিপি সংশোধন করার জন্য সুপারিশ করা হয়। সে অনুসারে প্রকল্পের ব্যয় ৩৭ কোটি টাকা বৃদ্ধি করে মোট ১১১ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০২৫ বর্ধিত করে ২য় সংশোধিত ডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। উক্ত স্টিয়ারিং কমিটির সভায় প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখার সুপারিশ করা হয়।

৩.২ প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি'র ওপরঅনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটির সভায় প্রকল্পের কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ প্রকল্পটি অনুমোদনের জন্য সুপারিশ করে। মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় প্রকল্পের ধারাবহিকতা অক্ষুন্ন রেখে ডিসেম্বর'২০২৫ মেয়াদ পর্যন্ত বাস্তবায়নের জন্য ২য় সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়। অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করার পূর্বে ২০২২-২৩ সালের আরএডিপি প্রণীত হওয়ায় আরডিপিপিতে প্রকল্পের জন্য বর্ধিত বরাদ্দ রাখা হয়নি। সেজন্য প্রকল্পের কার্যক্রম চালিয়ে নেয়ার জন্য গণগ্রন্থাগার অধিদপ্তরের ০৩ টি প্রকল্প হতে উপযোজন প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য পরিকল্পনা কমিশনে প্রস্তাব করা হয়। উপযোজন প্রস্তাব পরিকল্পনা কমিশন অত্যন্ত দ্রুত অনুমোদন করে। উপযোজনের মাধ্যমে বরাদ্দকৃত অর্থ অবমুক্তসহ আইবাসে প্রতিফলনের ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়। এ প্রক্রিয়াটি অত্যন্ত জটিল। অর্থ বিভাগের বিশেষ বাজেট-৭ এর দায়িত্বে যুগ্মসচিব ও উপসচিব অত্যন্ত আন্তরিকভাবে সহযোগিতা করে অর্থ অবমুক্তি প্রস্তাব অনুমোদন এবং আইবাসে প্রতিফলনের ব্যবস্থা গ্রহণ করেন। অর্থ বিভাগ প্রকল্পের শতভাগ অর্থ ব্যয়ের সম্মতি প্রদান করে। অর্থ বিভাগের আন্তরিক ও সার্বিক মহযোগিতার জন্য সভাপতি আনুষ্ঠানিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

[অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য]

[পূর্ববর্তী পৃষ্ঠা হতে]

৩.৩ মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর সভাকে অবহিত করে অনুমোদিত ডিপিপি অনুসারে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিশ্বসাহিত্য কেন্দ্রের সাথে চুক্তি সাক্ষরিত হয়েছে। বিগত স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত এবং পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত পিইসি সভার সুপারিশ অনুসারে বিশ্বসাহিত্য কেন্দ্র জানুয়ারি'২০২৩ হতে প্রকল্পের কার্যক্রম ধারাবাহিকভাবে পরচালনা করছে। সেজন্য চুক্তিতে বাস্তবায়নের মেয়াদ জানুয়ারি'২০২৩ হতে উল্লেখ করা হয়েছে। সে অনুসারে বিশ্বসাহিত্য কেন্দ্র জুন'২০২৩ পর্যন্ত বিল পরিশোধ করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

৩.৪ সভাপতি এ পর্যায়ে সভায় উপস্থিত এবং অনলাইনে সংযুক্ত কর্মকর্তাদের মতামত জানতে চান। সকলেই প্রকল্পের কার্যক্রম ধারাবাহিকতা বজায় রাখা, চুক্তি স্বাক্ষর এবং জানুয়ারি'২০২৩ হতে পরিশোধের বিষয়ে সম্মতি প্রদান করেন। এ মেয়াদের পর ভ্রাম্যমাণ লাইব্রেরি কার্যক্রম প্রকল্প না নিয়ে পরিচালন বাজেটের আওতায় চালানোর বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। সভাপতি সকলের মতামতে প্রকল্পটি সুষ্টুভাবে বাস্তবায়নের বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

৪.০ সিদ্ধান্ত:

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্ন-লিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৪.১ বিগত স্টিয়ারিং কমিটির সভা এবং প্রকল্পের মূল্যায়ন কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক বিশ্বসাহিত্য কেন্দ্র জানুয়ারি' ২০২৩ হতে তাদের যাবতীয় কার্যক্রম পরিচালনা করছে বিধায় উক্ত সময় হতে তাদের বকেয়া বিল পরিশোধ করা যেতে পারে;

৪.২ প্রকল্প অর্থ অবমুক্তি ও বকেয়া বিল পরিশোধের বিষয়ে গণগ্রন্থাগার অধিদপ্তর এবং প্রকল্প পরিচালক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; এবং

৪.৩ ভ্রাম্যমান লাইব্রেরি কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে বিশ্বসাহিত্য কেন্দ্র, গণগ্রন্থাগার অধিদপ্তর ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় যৌথভাবে এ প্রক্রিয়া গ্রহণ করার এখন হতে প্রচেষ্টা গ্রহণ করবে।

৫.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

খলিল আহমদ
সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়